

সরকারি তোলারাম কলেজ

নারায়ণগঞ্জ

সংশোধিত বিজ্ঞপ্তি

তারিখ: ১৯/৫/২০১৫

বিষয়: ২০১৪ সালের ডিগ্রি পাস কোর্স (১ম বর্ষ বিশেষ) পরীক্ষার ফরম পূরণ।

এতদ্বারা ছাত্র-ছাত্রী ও সংশ্লিষ্টদের জানানো যাচ্ছে যে, ২০১৪ সালের ডিগ্রি পাস কোর্স (১ম বর্ষ বিশেষ) পরীক্ষার ফরম পূরণ আগামী ২০/৫/২০১৫ হতে ১৮/৬/২০১৫ তারিখ পর্যন্ত চলবে।

➤ নির্ধারিত সময়ের পর বিলম্ব ফি দিয়ে ফরম পূরণের কোন সুযোগ নাই।

ফরম পূরণ প্রক্রিয়া

প্রার্থীকে ফরম পূরণের আবেদন ফরম নিজে অথবা কলেজ কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয় ওয়েব সাইট (www.nu.edu.bd/degree) থেকে প্রিন্ট করে অথবা প্রিন্টকৃত কপি থেকে ফটোকপি সংগ্রহ করে প্রয়োজনীয় কাগজপত্রসহ ফরম পূরণ কমিটি হতে যাচাই ও স্বাক্ষর গ্রহণ করতে হবে। পরবর্তীতে প্রার্থীকে টাকা জমা দেয়ার রশিদ পূরণ করে হিসাব শাখায় আবেদন ফরমসহ টাকা জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।

➤ ফরম পূরণ কমিটি বসবে: প্রশাসনিক ভবনের ৪র্থ তলায় ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগে।

সময়সূচি

- ১। বিভাগ হতে আবেদন ফরম যাচাই - সময় সকাল ১০:০০ টা হতে দুপুর- ১:৩০ মি: পর্যন্ত।
- ২। হিসাব শাখায় ক্যাশিয়ারের নিকট হতে টাকা জমা দেয়ার রশিদ সংগ্রহ ও টাকা জমা দেয়ার সময়- সকাল ১০:০০ টা হতে ২:০০ মি: পর্যন্ত।

পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী

- ১। ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী ও ২০১৪ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থীরা এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।
- ২। উপরোক্ত শিক্ষার্থীদেরকে ১ম বর্ষে “স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস” আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ১ম ও ২য় পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।


আবেদন ফরমের সাথে সংযুক্ত করতে হবে।

- ক) শিক্ষার্থীগণ আবেদন ফরম ও রেজিস্ট্রেশন কার্ড সংশ্লিষ্ট কলেজ থেকে সংগ্রহ করার পর রেজিস্ট্রেশন কার্ড বিবরণী অনুযায়ী স্বহস্তে পূরণ করে ফিসহ কলেজ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট কলেজে জমা দিতে হবে।
- খ) আবেদন ফরম পূরণের সময় সম্ভাব্য শিক্ষার্থী তালিকায় প্রদত্ত বিষয় কোড ব্যবহার করতে হবে।
- গ) রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি (অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত) আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- ঘ) প্রত্যেক শিক্ষার্থীদের সম্প্রতি তোলা ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের ছবি (অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত) আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা গাম দ্বারা আটকিয়ে দিতে হবে ও (১"X ১") সাইজের ০১ (এক) কপি ছবি আবেদন ফরমের সাথে স্ট্যাপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে।

২০১৪ সালের ডিগ্রি পাস কোর্স (১ম বর্ষ বিশেষ) পরীক্ষার যাবতীর ফিসের বিবরণ।

ক্রমিক নম্বর	বিষয়/কোর্সের নাম	টাকা
০১	১ম বর্ষ বিশেষ (৭০০ নম্বর)-নিয়মিত/প্রাইভেট	১,১৫০/-
	মোট=	১,১৫০/-

বিঃ দ্রঃ যারা ইতোপূর্বে ইনকোর্স পরীক্ষার ফি ২০০/- টাকা এবং বর্ধিত পরীক্ষার ফি ৪০০/- টাকা সর্বমোট=৬০০/- টাকা প্রদান করেনি তাদের আরও অতিরিক্ত ৬০০/- টাকা লাগবে।


(প্রফেসর প্রভাত চন্দ্র দত্ত)

অধ্যক্ষ

সরকারি তোলারাম কলেজ

নারায়ণগঞ্জ